Bankim Sardar College
4th Semester B.A. Honours Examination 2020
Subject – Bengali, **Paper** – SEC-B-4-2

Time – 2 hours **Total marks** – 90

বিভাগ-ক

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। **(২ X ৫ = ১০)**

১। উদাহরণসহ 'স্বরসঙ্গতি'-র সংজ্ঞা লেখ।

২। 'তৎভব শব্দ' কাকে বলে?

৩। চারটি বিদেশি শব্দের উদাহরণ দাও।

৪। 'লাউ' শব্দের বিবর্তন দেখাও।

৫। স্টেবল > আস্তাবল –এই বিবর্তনের পিছনে ধ্বনি পরিবর্তনের কোন রীতি কার্যকরী হয়েছে?

৬। 'দেশলাই' শব্দটি কোন মূল শব্দ থেকে বিবর্তিত হয়েছে? এটি কি জাতীয় শব্দ এবং কেন?

৭। 'সমীভবন' কয় প্রকার ও কী কী?

৮। অমৃত > অমিঅ > অমিয় –এই উদাহরণে ভাষার ক্রমটি লেখো।

বিভাগ-খ

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও (অনধিক ৮০০ শব্দ)। **(১৫ X ১ = ১৫)**

১। মহামারী পরিস্থিতিতে শ্রমজীবি শ্রেণিকে নিয়ে একটি গল্প রচনা করো।

অথবা

২। 'অনলাইন পঠন-পাঠন' –এই বিষয়টির উপর একটি মন্ময়ধর্মী প্রবন্ধ রচনা কারো।

বিভাগ-গ

(ক) সবকটি প্রশ্নের উত্তর দাও। **(২৫ X ১ = ২৫)**

১। কোন স্বরবর্ণটির উচ্চারণ বাংলা ভাষায় নেই? (ক) ই (খ) উ (গ) ঋ (ঘ) ঌ

২। কোন স্বরধ্বনিটির কোনো বর্ণ বর্তমান বাংলা ভাষায় নেই? (ক) ঋ (খ) ঐ (গ) অ্যা (ঘ) ঔ

৩। 'কি' –তে 'ই' ধ্বনিটি উচ্চারিত হয় 'ক'-এর পরে, কিন্তু লেখা হয় 'ক'-এর আগে। এখানে ভাষাবিজ্ঞানের কোন্ রীতিটি লঙ্ঘিত হয়েছে? (ক) পারম্পর্য (খ) অনুসরণ (গ) অবশ্যম্ভাবিতা (ঘ) পরউচ্চারণ রীতি

৪। নীচের কোন বানানটি শুদ্ধ? (ক) ক্যানভাস (খ) কনভাস (গ) কেনভাস (ঘ) কানভাস

৫। 'জ্ঞ' এই যুক্ত ব্যঞ্জনটির রূপের কোনো পরবর্তন হয় নি কেন?

(ক) এটি তৎসম রীতি অনুযায়ী গৃহীত হয়েছে বলে (খ) এখানে সংযুক্ত বর্ণগুলির উচ্চারণ বদলায় নি বলে

(গ) এখানে সংযুক্ত বর্ণগুলির উচ্চারণ বদলায় নি বলে (ঘ) উপরের কোনোটিই নয়

৬। নীচের কোন বানানটি শুদ্ধ? (ক) উদ্‌বাস্তু (খ) উদ্বাস্তু (গ) দুটিই (ঘ) কোনোটিই নয়

৭। 'নগদিকরণ' শব্দটি নির্মানে কোন রীতি ব্যবহার করা হয়েছে? (ক) সংস্কৃত (খ) বাংলা (গ) উভয় (ঘ) কোনোটি নয়

৮। 'রিক্সা>রিস্কা' এখানে কোন রীতিতে ধ্বনি পরিবর্তিত হয়েছে –

(ক) অপিনিহিতি (খ) অভিশ্রুতি (গ) বিপ্রকর্ষ (ঘ) বর্ণ বিপর্যয়

৯। নীচের কোন শব্দটি সংস্কৃত শব্দ? (ক) মন্ত্রিগণ (খ) মন্ত্রীগণ (গ) দুটিই (ঘ) কোনোটিই নয়

১০। 'পৃথক্ + অন্ন = পৃথগন্ন' কেনো? (ক) হস্ চিহ্নের জন্য বর্ণ পরিবর্তিত হয়েছে (খ) 'ক্' ও 'অ' যুক্ত হয়ে 'গ' হয় (গ) নিপাতনে সিদ্ধ সন্ধি (ঘ) কোনোটিই নয়

১১। বাংলা বানানে রেফ যুক্ত ব্যঞ্জনের দ্বিত্ব প্রয়োগ প্রথম কীভাবে বর্জিত হয়েছে?

(ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানান বিধি অনুযায়ী (খ) প্রেস-এর নিয়ম অনুযায়ী

(গ) কলকাতা বিশ্ববিদ্যালয়ের বানান বিধি অনুযায় (ঘ) স্বাভাবিক ভাবে

১২। নীচের কোন বানানটি শুদ্ধ? (ক) অলঙ্কার (খ) অলংকার (গ) দুটিই (ঘ) কোনোটিই নয়

১৩। নীচের যুক্তব্যঞ্জনগুলির কোন্‌টি শুদ্ধ? (ক) ভ্র (খ) ঞ্জ (গ) হ্ন (ঘ) ঙ্গ

১৪। নীচের কোন্ মন্তব্যটি ঠিক?

(ক) সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ায় ও-কার হবে (খ) দ্বি-দল ধাতুর দ্বতীয় ব্যঞ্জনে ও-কার হবে

(গ) ভবিষ্যৎ অনুজ্ঞায় ক্রিয়ায় একাধিক বোঝাতে ও-কার হবে (ঘ) সবকটি

১৫। 'আনারস' শব্দটি এসেছে পর্তুগিজ – (ক) অ্যানারস (খ) অ্যানানস (গ) আনানস (ঘ) আনাররস থেকে

১৬। নীচের কোন বানানটি অশুদ্ধ? (ক) ধুর্তুমি (খ) ধূর্তামি (গ) দুটিই (ঘ) কোনোটিই নয়

১৭। ব্যঞ্জনের সঙ্গে যুক্ত অবস্থায় 'উ'-কারের কটি রূপ দেখা যায়? (ক) ১টি (খ) ২টি (গ) ৩টি (ঘ) ৪টি

১৮। 'মাছুয়া > মাউছা' –এখানে ধ্বনি পরিবর্তনের কোন রীতি প্রযোজ্য?

(ক) অপিনিহিতি (খ) অভিশ্রুতি (গ) বিপ্রকর্ষ (ঘ) বর্ণ বিপর্যয়

১৯। 'ও' ধ্বনির উচ্চারণ সংক্রান্ত কোন্ বানানটি শুদ্ধ? (ক) ছোট (খ) জোরাল (গ) জোলো (ঘ) হয়ত

২০। 'হেডপণ্ডিত' কী জাতীয় শব্দ? (ক) বিদেশি (খ) ইংরাজি (গ) মিশ্র (ঘ) আগুন্তুক

২১। এর মধ্যে কোন্ বানানটি শুদ্ধ? (ক) অ্যাকাডেমি (খ) আকাদেমি (গ) দুটিই (ঘ) কোনোটিই নয়

২২। 'ত'-এর বদলে 'ৎ' কোথায় ব্যবহার করতে হবে? (ক) কয়েকটি তৎসম শব্দে (খ) কয়েকটি ধ্বন্যাত্মক শব্দে (গ) উভয় ক্ষেত্রেই (ঘ) কোনো ক্ষেত্রেই নয়

২৩। এর মধ্যে কোনটি খণ্ডিত শব্দ? (ক) বাইক (খ) ফ্রিজ (গ) প্লেন (ঘ) সবকটি

২৪। নীচের কোন্ মন্তব্যটি ঠিক?

(ক) সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ায় ও-কার হবে (খ) দ্বি-দল ধাতুর দ্বিতীয় ব্যঞ্জনে ও-কার হবে

(গ) সাধারণ বর্তমান কালের ক্রিয়াপদে ও-কার হবে (ঘ) সবকটিই ঠিক

২৫। নীচের কোন্ বানানটি শুদ্ধ? (ক) বিজ্ঞান (খ) ক্ষিদে (গ) রাঙ্গা (ঘ) সবকটি

(খ) যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও (১০০ শব্দের মধ্যে)। **(৪ X ১০ = ৪০)**

১। প্রদত্ত অনুচ্ছেদটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার দ্বারা লিপ্যন্তর করো –

উনবিংশ শতকের বাঙালি শিক্ষাবিদ, সমাজ সংস্কারক ও গদ্যকার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে আধুনিক বাংলা ভাষার জনক বললে অত্যুক্তি হবে না। তিনি কলকাতায় সংস্কৃত কলেজ থেকে 'বিদ্যাসাগর' উপাধি নিয়ে পাশ করেন ১৮৪১ সালে এবং তখন থেকেই হয়ে ওঠেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। এরপর তাঁকে ফোর্ট উইলিয়াম কলেজের হেড পণ্ডিত পদে নিয়োগ করা হয়। শিক্ষা ক্ষেত্রে তাঁর প্রধান অবদান মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষা চালু করা এবং একটি স্বয়ংসম্পূর্ণ প্রাথমিক শিক্ষার পাঠক্রম চালু করা। মাত্র ছয় মাসের মধ্যে তিনি বাংলার মেয়েদের জন্য প্রায় ৪০টি স্কুল প্রতিষ্ঠা করেছিলেন। তিনিই প্রথম বাংলা লিপি সংস্কার করেছিলেন। তিনিই প্রথম রক্ষণশীল বাঙালি সমাজে বিধবা বিবাহ চালু করেছিলেন। তাঁর জন্ম দ্বিশতবর্ষে আমরা তাঁর অবদান ও ভূমিকাকে নতুন করে অবলোকন করছি।

২। প্রদত্ত অনুচ্ছেদটি রোমিয় বর্ণমালার দ্বারা লিপ্যন্তর করো –

নিউরোডিজেনারেটিভ রোগীদের মধ্যে প্রায় ৭৯ শতাংশ পোস্ট-ট্রমাটিক স্ট্রেস ডিসঅর্ডার-এর শিকার। সাম্প্রতিক সময়ে প্রতি মুহূর্তে আমাদের মস্তিষ্কের ওপর চরম চাপ তৈরি হচ্ছে। একটু একটু করে আমাদের সমস্যাগুলি কমিয়ে আনতে পারলে শরীরের স্বাভাবিক নিয়ন্ত্রণ ক্ষমতা শরীরের তথা মস্তিষ্কের কোষগুলিকে সুস্থ ও সক্ষম রাখবে। তাৎক্ষণিক স্ট্রেস কমানোর আরও একটি উপায় - লম্বা শ্বাস-প্রশ্বাস নেওয়া। সাধারণত মানুষ এক মিনিটে ১২ থেকে ২০ বার শ্বাস-প্রশ্বাস নেয়। কিন্তু উত্তেজনাময় পরিস্থিতিতে সেটাকে যদি মিনিটে ৬ বারে নামিয়ে আনতে পারলে মস্তিষ্কে শান্ত হবার বার্তা যেতে শুরু করে। এটার ফলে প্যারাসিমপ্যাথেটিক নার্ভ সক্রিয় হয় এবং আমাদের আবার স্থিতিশীল অবস্থায় ফেরত নিয়ে আসে।

৩। 'পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানান বিধি' অনুযায়ী বাংলা ভাষায় 'অ্যা' ধ্বনিটির ব্যাবহার সম্পর্কে সংক্ষেপে লেখো।

৪। স্বরধ্বনিকেন্দ্রিক ধ্বনি পরিবর্তনের যেকোনো দুটি রীতি সম্পর্কে আলোচনা করো।

৫। বাংলা শব্দ ভাণ্ডার অনুযায়ী মৌলিক শব্দ সম্পর্কে যা জানো লেখো ।

৬। 'পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানান বিধি' অনুযায়ী 'কী' ও 'কি' –এর প্রয়োগ সম্পর্কে যা জানো লেখো।

৭। 'পুথি', 'রোদ', 'ইস্কুল', 'আরশি' –এই চারটি শব্দের বানানের বিবর্তন দেখাও।